

জয়িতা ইউনিট গঠন সংক্রান্ত সাময়িক বিধি-২০১৭

- ১। **নামঃ-** এই সাময়িক বিধিমালা অনুসারে আলোর প্রদীপ সংগঠনের মূল ও অন্যান্য সহযোগী অংশে অন্তর্ভুক্ত মহিলা ও কিশোরী সদস্যদের সমন্বয়ে আলাদা নামধারি একটি সহযোগী অংশ গঠিত হবে। নব গঠিত সহযোগী অংশ "জয়িতা ইউনিট" নামে অবিহিত হবে।
- ২। নব গঠিত জয়িতা ইউনিট আলোর প্রদীপ সংগঠনের সহযোগী দল হিসেবে সংগঠনের সার্বিক কাজে সহযোগিতা করে সংগঠন কে এগিয়ে নিতে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখবে।
- ৩। নব গঠিত জয়িতা ইউনিট কার্যপরিষদ এর সিদ্ধান্তে গঠিত ও সাংগঠনিক নির্বাহী আদেশের তারিখ হতে তাদের কার্যক্রম পরিচালনা করবে।
- ৪। জয়িতা ইউনিট গঠন কালীন সময় হতে পরবর্তি পূর্ণাঙ্গ বিধিমালা প্রনয়ন ও অনুমোদনের আগ পর্যন্ত এই সাময়িক বিধি দ্বারা পরিচালিত হবে। তবে জয়িতা ইউনিট গঠনের দিন হতে পরবর্তি ৬ মাসের মধ্যে জয়িতা ইউনিট সম্পর্কিত পূর্ণাঙ্গ বিধিমালা প্রনয়নের কার্য সমাপ্ত করতে হবে।
- ৫। জয়িতা ইউনিটের পূর্ণাঙ্গ বিধিমালা প্রনয়নের আগ পর্যন্ত যে, যে শাখাতে সদস্য হিসেবে নিবন্ধিত তিনি উক্ত শাখায় নিবন্ধিত থাকবেন এবং স্ব স্ব শাখার সকল বিধিবিধান মেনে চলবেন।
- ৬। আপাদতকালীন জয়িতা ইউনিট পরবর্তি বাজেট পাশের সময়ের আগ পর্যন্ত "সাংগঠনিক উপ কমিটি" এর জন্য বরাদ্দকৃত বাজেটের অর্থ দ্বারা আংশিক ব্যয় নির্বাহ করবে।
- ৭। **জয়িতা ইউনিট পরিচালনাঃ**

আপাদত জয়িতা ইউনিট পরিচালনার জন্য সাময়িক পরিচালনা পর্ষদ গঠন করা হবে। পরিচালনা পর্ষদের সদস্য সংখ্যা কার্যপরিষদ নির্ধারণ ও পরিচালনা পরিষদকে অনুমোদন প্রদান করবে।

৮। অনুমোদনকৃত জয়িতা ইউনিট এর পরিচালনা পর্ষদ তাদের সভা, যেকোন সিদ্ধান্ত গ্রহন, সদস্য বৃদ্ধি এবং ইউনিট কে স্বাভাবিক দানে সকল কার্যক্রম পরিচালনা করতে পারবে। তবে গৃহিত সিদ্ধান্ত সমূহ কার্যপরিষদ কে লিখিত আকারে অবহিত করতে হবে।